গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রশিক্ষণ শাখা

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম,এনডিসি<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | সকাল ১১.০০ মিনিট। |
| স্থান | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিসকক্ষ [কক্ষ নং- ১৭০৯, ভবন নং- ০৬]। |
| উপস্থিতি | "পরিশিষ্ট ক" |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ বাস্তবায়ন বিষয়ে বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান।

৩.০ সভায় জানানো হয়, বিগত ৩০ মে ২০২১ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৬.১ | মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ২০/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) এবং ২৮/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ) প্রতিবেদন (এপ্রিল-জুন ২০২১) হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত।<br>মন্ত্রিপরিষদ বিভাগে বর্ণিত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>স্মারক নং: ৩৭.০০.০০০০.০৮৪.১৬.০০৩.২১-১৩৩; তারিখ: ৩১ মে, ২০২১। |
| ৬.২ | ইতোমধ্যে যেসব কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে যোগদানকৃত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করে হালনাগাদ সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত।<br>হালনাগাদ সিটিজেন্স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ৩০ মে, ২০২১ তারিখে। |

৪.০ সভায় জানানো হয়, এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের একটি ছক প্রেরণ করা হয়েছে। উক্ত ছকে নিম্নরূপ বিষয়সমূহ উল্লেখ আছে:

১. প্রাতিষ্ঠানিক : ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

২. সক্ষমতা অর্জন : ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

৫.০ সভায় বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এবং জুলাই-সেপ্টেম্বর ২০২১ প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫.১ সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ক | প্রাতিষ্ঠানিক | ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ও একমত পোষণ করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতি তিনমাস অন্তর সিটিজেন্স চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | প্রতি তিনমাস অন্তর সিটিজেন্স চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| খ | সক্ষমতা অর্জন | ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, এ বিভাগে প্রশিক্ষণ শাখা থেকে যাবতীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়ে থাকে। প্রশিক্ষণ শাখা ২০২১-২০২২ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪টি প্রশিক্ষণ আয়োজন করে প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা ও হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করতে হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | এ বিভাগের প্রশিক্ষণ শাখা ২০২১-২০২২ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪টি প্রশিক্ষণ আয়োজন করত: উক্ত প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা ও হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ বিভাগের এপিএ শাখায় প্রেরণ করবে। | প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে ১ম কোয়ার্টারের প্রশিক্ষণ ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। |
| | | ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়। ২০২১-২০২২ এ সেবা শাখা এতদসংক্রান্ত দুটি সভা আয়োজন করতে পারে এবং সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় সভাপতিত্বে করতে পারেন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ২০২১-২০২২ এ সেবা প্রদান বিষয়ে সেবা শাখা স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করবে এবং সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় সভাপতিত্ব করবেন। | উপসচিব (প্রশিক্ষণ) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ | অভ্যন্তরীণ সেবা | তথ্য প্রকাশ ও তথ্য প্রদান | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৬ এবং ধারা-৯ অনুযায়ী তথ্য প্রকাশ ও প্রদান করা হচ্ছে। | - | জনাব মো: ইব্রাহিম ভূঞা, উপসচিব, প্রশিক্ষণ শাখা। |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়নে সম্পৃক্ততা বিষয়ে পরিকল্পনা | সকল কর্মকর্তাগণকে নিয়ে মাসিক সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করা | মাসিক সমন্বয় সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। | - |

৬.০ ৩০ মে, ২০২১ তারিখে সর্বশেষ হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার, যা এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে, তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং জানুয়ারি ২০২১ হতে মার্চ ২০২১ সময়ের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন হিসেবে ৩০ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

৭.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম,এনডিসি
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৬.০০৩.২১-২৪৮

তারিখ: ৪ আশ্বিন ১৪২৮
১৯ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩) উপসচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) উপসচিব, সেবা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১০) অফিস কপি।

মো: ইব্রাহিম ভূঞা
উপসচিব